# 2022

## BENGALI

( Honours )

Paper : BEN–HC–3016

**( Lokosanskriti O Lokosahitya )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) "এই কথা ? কালই আমি মৃগয়ায় যাইব ?" বক্তা কে ?

*(i)* মন্ত্রী

*(ii)* সেনাপতি

*(iii)* রাজা

*(iv)* গৃহস্থ

(খ) 'কিরণমালা' গল্পে ছোটবোনের কার সঙ্গে বিয়ে হয়েছিল ?

*(i)* রাজবাড়ির ঘেসেড়া

*(ii)* রাজা

*(iii)* রাজবাড়ির সূপকার

*(iv)* মন্ত্রী

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে দেমাকে কাদের মাটিতে পা পড়তো না ?

*(i)* দুয়োরাণী ও মেজরাণীর

*(ii)* বড়রাণীদের

*(iii)* ছোটরাণী ও তার ছেলেমেয়েদের

*(iv)* পুরুত ও মালীর

(ঘ) রাজা কাকে সকলের চেয়ে বেশি ভালবাসতেন ?

*(i)* বড়রাণীকে

*(ii)* ছেলেদেরকে

*(iii)* ছোটরাণীকে

*(iv)* পারুলকে

(ঙ) রাধার প্রেমে মাতোয়ারা হয়ে চাঁদগৌর কোথায় গড়াগড়ি দিচ্ছিলেন ?

*(i)* বক্ষে

*(ii)* ব্রজের কুলে

*(iii)* হৃদ্ মাঝারে

*(iv)* ধূলায়

(চ) মন মাঝি কীসের আশায় কাঁদছিল ?

*(i)* সুখের আশায়

*(ii)* ভাটির আশায়

*(iii)* উজানের আশায়

*(iv)* আনন্দের আশায়





(ছ) 'খাঁচার ভিতর অচিন পাখী' লোকগানটিতে খাঁচা খুলে পাখীটির কোথায় পালিয়ে যাওয়ার কথা রয়েছে ?

*(i)* বনে

*(ii)* নদীতে

*(iii)* আকাশে

*(iv)* পাশের গ্রামে

(জ) সধবা মেয়েদের একটি খুব বড় ব্রত হল

*(i)* মাঘমণ্ডল ব্রত

*(ii)* পুণ্যিপুকুর ব্রত

*(iii)* কুক্কুটীব্রত

*(iv)* লক্ষ্মীব্রত

(ঝ) কোজাগর ব্রতে লক্ষ্মীসরার উর্ধ্বে কী থাকে ?

*(i)* আধখানা নারিকেলের মালই

*(ii)* কলার খালুই

*(iii)* পিটুলির পুতুল

*(iv)* আলপনা

(ঞ) লক্ষ্মীপূজা কোন্ সময়ে হয় ?

*(i)* সকালবেলা

*(ii)* দুপুরবেলা

*(iii)* সন্ধ্যার সময়

*(iv)* মাঝরাতে

(ট) কিরণমালার জন্মের সময় তার হাত-পা কীসের মতো ছিল ?

*(i)* লোহার মতো

*(ii)* ফুলের মতো

*(iii)* কাঠের মতো

*(iv)* তুলার মতো

(ঠ) 'সাত ভাই চম্পা' গল্পে ছোটরাণীর দুঃখে কী শুকিয়ে গিয়েছিল?

*(i)* নদী

*(ii)* নালা

*(iii)* নদীনালা

*(iv)* খাল

(ড) 'মন মাঝি তোর বৈঠা নে রে' শীর্ষক লোকগানটিতে কবি কোন্ দেশে দুঃখের নদী বয়ে যাওয়ার কথা বলেছেন?

*(i)* রূপনগরে

*(ii)* বিষাদপুরে

*(iii)* দুখের দেশে

*(iv)* প্রেতপুরীতে

(ঢ) 'মন মাঝি তোর বৈঠা নে রে' শীর্ষক লোকগানটিতে কবি কোন্ বেলায় পাড়ি দিয়েছিলেন?

*(i)* অপর বেলায়

*(ii)* সন্ধ্যাবেলায়

*(iii)* সকালবেলায়

*(iv)* দুপুরবেলায়

(ণ) 'মন মাঝি তোর বৈঠা নে রে' লোকগানটিতে কবি সারাজীবন উজান বেয়েও কীসের নাগাল পাননি?

*(i)* ভাটির

*(ii)* সুখের

*(iii)* প্রেমের

*(iv)* ভগবানের





(ত) ''কুয়া ভাঙ্গুম, কুয়া ভাঙ্গুম, বেৎলার আগে।'' এখানে 'কুয়া' শব্দটির অর্থ কী?

*(i)* কূপ

*(ii)* কুয়াশা

*(iii)* বিল

*(iv)* খাল

(থ) ''কাউয়ায় করে কলমল! কোকিলে করে ধ্বনি!'' এখানে 'কাউয়া' বলতে কী বোঝানো হয়েছে?

*(i)* কাক

*(ii)* টিয়া

*(iii)* শালিক

*(iv)* কাকাতুয়া

(দ) আমাদের দেশে দ্বিতীয় লক্ষ্মীব্রত কোন্ মাসে করা হয়?

*(i)* ফাল্গুন মাসে

*(ii)* অগ্রহায়ণ মাসে

*(iii)* আশ্বিন মাসে

*(iv)* ভাদ্রমাসে

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) ''ও মা, মা, পুঁটির যে সাধ!!'' উক্তিটির বক্তা কারা?

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে পাঁশগাদার উপরে কী কী ফুল ফুটেছিল?

(গ) তোমার পঠিত 'হৃদ্ মাঝারে' লোকগীতিতে গীতিকার কোন্ জায়গার কুলে যেতে চেয়েছেন? সেখানে তিনি পায়ে কী মাখতে চেয়েছেন?

(ঘ) 'খাঁচার ভিতর অচিন পাখী' লোকগানটির কবি কে? কবি পাখীকে ধরতে পারলে তার পায়ে কী দিতেন বলে গানটিতে উল্লেখ রয়েছে?

(ঙ) 'হৃদ্ মাঝারে' লোকগানটির প্রথম ও শেষ পংক্তি দুটি লেখো।

(চ) ব্রতকথা কয় প্রকার ও কী কী?

(ছ) আলপনার দুটি প্রধান অঙ্গের নাম লেখো।

(জ) 'কিরণমালা' গল্পে রাজা গৃহস্থের বড় দুই মেয়েকে কাদের সঙ্গে বিয়ে দিয়েছিলেন?

(ঝ) 'কিরণমালা' গল্পে মায়াপাহাড়ে পাথর হয়ে যাওয়া রাজপুত্রদের কে, কীসের দ্বারা প্রাণ ফিরিয়ে দিয়েছিল?

(ঞ) 'বাংলার ব্রত' গ্রন্থে লক্ষ্মীর কাপড় ও গায়ে কী রঙ দেওয়া হয় বলে লেখক উল্লেখ করেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে রাজার সঙ্গে অরুণ, বরুণ ও কিরণমালার প্রথম সাক্ষাতের ঘটনাটি লেখো।

(খ) 'সাত ভাই চম্পা' গল্পটিতে সোনার শিকলটি কয়বার এবং কী কারণে নাড়া দেওয়া হয়েছিল সে সম্পর্কে লেখো।





(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"মন মাঝি তুই বেভুল যেমন
আমি কপাল পুরা তেমন।
সুখ দুখের কিনার পাইলাম না
আমি আর বাইতে পারলাম না।"

(ঘ) 'হৃদ্ মাঝারে' লোকগানটিতে কবি গৌরাঙ্গ মহাপ্রভুর যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

(ঙ) ব্রতকথার আদর্শ বিষয়ে লেখো।

(চ) মাঘমণ্ডল ব্রতকে কুমারীব্রত বলা যায় কি? যুক্তিসহ তোমার অভিমত দাও।

(ছ) "ছোটরাণী ঘুঁটেকুড়ানী দাসী হইয়া পথে পথে ঘুরিতে লাগিলেন।" 'সাত ভাই চম্পা' গল্প অবলম্বনে ছোটরাণীর এই দুর্দশার কারণ সম্পর্কে লেখো।

(জ) 'পুণ্যিপুকুর' ব্রত সম্পর্কে যা জান লেখো।

৪। (ক) অরুণ, বরুণ, কিরণমালা কর্তৃক রাজাকে নিমন্ত্রণ পর্ব ও তার ফলাফল বিশদে লেখো। ১০

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে বড়রাণীদের চরিত্রের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

(গ) 'কিরণমালা' গল্পের গৃহস্থের তিনকন্যার বিবাহ-বৃত্তান্ত সবিস্তারে বর্ণনা করো।

৫। (ক) তোমার পঠিত 'খাঁচার ভিতর অচিন পাখী' গানটি বাউলগান হিসেবে কতটা সার্থকতা লাভ করেছে সে বিষয়ে বুঝিয়ে লেখো। ১০

অথবা

(খ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' শীর্ষক লোকসঙ্গীতটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

অথবা

(গ) লোকগান বলতে কী বোঝ? লোকগানের বৈশিষ্ট্য তোমার পঠিত লোকগান অবলম্বনে বুঝিয়ে লেখো।

৬। (ক) মাঘমণ্ডল ব্রত বিষয়ে যা জান লেখো। ১০

অথবা

(খ) সংক্ষেপে আলোচনা করো : ৫+৫=১০

ব্রতক্রিয়ার উৎপত্তির কারণ; অন্য ব্রত।

৭। (ক) 'রূপকথা' হিসেবে 'সাত ভাই চম্পা' গল্পের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) ব্রতের বৈশিষ্ট্য তোমার পঠিত বিভিন্ন ব্রতকথা থেকে বুঝিয়ে লেখো।

★★★